



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/২৬৫

তারিখ : ২৬/০৪/২০১৫খ্রি.

বিষয় : “অর্থনীতি ও ভূগোল” বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : কলেজের স্মারক নং- ৬০(২), তারিখ: ০৮/০২/২০১৫খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৬/০২/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, দৌলতখান মহিলা কলেজ, দৌলতখান, ভোলা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে “অর্থনীতি ও ভূগোল” বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি ০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত অনুমতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বোর্ড কর্তৃপক্ষ বিরত থাকবে।

শর্তাবলী

- ০১। ভবিষ্যতে সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা এমপিও দাবী করা যাবে না
- ০২। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষকের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ০৩। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০৪। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(এনটিআরসি) সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে ও মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে
- ০৫। পাঠদানের এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ০৬। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৮। উপরোক্ত শর্তাবলীর কোন প্রকার ব্যত্যয় ঘটলে বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় অনুমতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২৬.০৪.২০১৫

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

দৌলতখান মহিলা কলেজ

দৌলতখান, ভোলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ৬। সংরক্ষণ নথি